



নির্বাচন কমিশন

বাংলাদেশ

নির্বাচন কমিশন সচিবালয়

শেরেবাংলা নগর, ঢাকা।

www.ec.org.bd

জনসংযোগ অধিশাখা

নং-১৭.০০.০০০০.০৪০.৪৭.০৩১.১৫-৪২৫

তারিখঃ ২২ ডিসেম্বর ২০১৫

বিষয় : পৌরসভা সাধারণ নির্বাচনে পর্যবেক্ষক অনুমোদন, পরিচয়পত্র এবং গাড়ির স্টিকার ইস্যুকরণ।

আগামী ৩০ ডিসেম্বর ২০১৫ অনুষ্ঠেয় পৌরসভা সাধারণ নির্বাচন পর্যবেক্ষণের জন্য বিভিন্ন স্থানীয় সংস্থাকে অনুমোদন দেয়া হয়েছে। নির্বাচন কমিশনের পর্যবেক্ষণ নীতিমালা ও সংশ্লিষ্ট আইন মেনে নির্বাচন পর্যবেক্ষণের জন্য ২৩৪টি পৌরসভা নির্বাচনে ২৯টি সংস্থার ৩৩৯৭ জন পর্যবেক্ষক এবং কেন্দ্রীয়ভাবে নির্বাচন পর্যবেক্ষণের জন্য ০৭টি সংস্থার ১৩০ জন পর্যবেক্ষককে অনুমোদন দেয়া হয়েছে। পর্যবেক্ষক সংস্থার কেন্দ্রীয় কমিটির পর্যবেক্ষক (৩০ জনের বেশি নয়) ও বিদেশি পর্যবেক্ষকদের পরিচয়পত্র জনসংযোগ অধিশাখা হতে প্রদান করা হচ্ছে।

০২। পর্যবেক্ষক সংস্থাসমূহ প্রতি দলে অনধিক ৫ জন করে দল গঠন করে ভ্রাম্যমাণ পর্যবেক্ষক হিসেবে নির্বাচন পর্যবেক্ষণ করতে পারবে। কোন কেন্দ্রে বা বুথে স্থায়ীভাবে কোন পর্যবেক্ষক অবস্থান করতে পারবে না। সংশ্লিষ্ট প্রিজাইডিং অফিসারের অনুমতি সাপেক্ষে স্বল্প সময়ের জন্য বুথে প্রবেশ করতে পারবেন।

০৩। অনুমোদিত পর্যবেক্ষক সংস্থাসমূহকে অনুমোদন প্রাপ্তির সঙ্গে সঙ্গে প্রত্যেক পর্যবেক্ষকের তথ্যাদি পর্যবেক্ষণ নীতিমালা অনুযায়ী নির্ধারিত ফরমের সাথে এসএসসি পাশের সার্টিফিকেট এবং জাতীয় পরিচয়পত্রের ফটোকপিসহ সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারের নিকট জমা দিতে হবে।

০৪। রিটার্নিং অফিসারকে পর্যবেক্ষকদের নিকট হতে প্রাপ্ত আবেদনসমূহ পর্যবেক্ষণ নীতিমালা অনুযায়ী যাচাই করে সংস্থাস্বত্বিক বৈধ পর্যবেক্ষকদের তালিকা তৈরি করতে হবে। এসব পর্যবেক্ষকদের বিষয়ে কারো কোন আপত্তি না থাকলে তাদের নির্বাচন কমিশনের নির্ধারিত পরিচয়পত্র প্রদান করতে হবে।

০৫। পর্যবেক্ষক সংস্থাসমূহকে নির্বাচন পর্যবেক্ষণের এক সপ্তাহের মধ্যে প্রাথমিক প্রতিবেদন নির্বাচন কমিশনে জমা দিতে হবে।

০৬। নির্ধারিত পরিচয়পত্র ও গাড়ির স্টিকার ইস্যু করে তা রেজিস্টারে লিখে রাখতে হবে এবং প্রতিটি পর্যবেক্ষক পরিচয়পত্রে রেজিস্টারে ইস্যুকৃত নম্বর দিতে হবে। কোন সংস্থাকে কত পরিচয়পত্র দেয়া হলো তা ৩০ ডিসেম্বর ২০১৫ এর আগে বিস্তারিত জানিয়ে নির্বাচন কমিশন সচিবালয়ে রিপোর্ট প্রদান করতে হবে।

০৭। প্রয়োজনীয় সংখ্যক পরিচয়পত্র, পর্যবেক্ষণ নীতিমালা ও গাড়ির স্টিকার নির্বাচন কমিশন সচিবালয়ের জনসংযোগ শাখা হতে সংগ্রহ করতে হবে।

সংযুক্তি : সংস্থা ও পর্যবেক্ষক সংখ্যার তালিকা ০১ (এক) পাতা।

২২.১২.১৫
(আরাফাত আরা)

সহকারী পরিচালক (জনসংযোগ)

ফোনঃ ৯১৮০৬৮০

- ১। রিটার্নিং অফিসার ও অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব).....(সংশ্লিষ্ট সকল)
- ২। রিটার্নিং অফিসার ও সিনিয়র জেলা/জেলা নির্বাচন অফিসার.....(সংশ্লিষ্ট সকল)
- ৩। রিটার্নিং অফিসার ও উপজেলা নির্বাহী কর্মকর্তা.....(সংশ্লিষ্ট সকল)
- ৪। সংশ্লিষ্ট পর্যবেক্ষক সংস্থা.....(সকল)

নির্বাচন কমিশন
বাংলাদেশ
নির্বাচন কমিশন সচিবালয়
শেরে বাংলা নগর, ঢাকা।

জনসংযোগ অধিশাখা।

পৌরসভা সাধারণ নির্বাচনে নির্বাচন কমিশন কর্তৃক অনুমোদিত স্থানীয় পর্যবেক্ষক সংস্থার নাম ও পর্যবেক্ষক সংখ্যার বিবরণ :

ক্রমিক নং	পর্যবেক্ষক সংস্থার নাম	পর্যবেক্ষক সংখ্যা	কেন্দ্রিও পর্যবেক্ষক	মন্তব্য
০১.	জাতীয় নির্বাচন পর্যবেক্ষণ পরিষদ-জানিপপ	৩০	১৫	
০২.	ওয়েভ ফাউন্ডেশন	৮৮	-	
০৩.	বাংলাদেশ মানবাধিকার সমন্বয় পরিষদ-বামাসপ	৫৪	১৫	
০৪.	ডেমক্রেসিওয়াচ	১১০	২৫	
০৫.	মানবিক সাহায্য সংস্থা	২০	-	
০৬.	আইন সহায়তা কেন্দ্র (আসক) ফাউন্ডেশন	১১৭০	-	
০৭.	মানবাধিকার ও সমাজ উন্নয়ন সংস্থা-মওসুস	১১৫	১০	
০৮.	বাংলাদেশ মানবাধিকার কমিশন	৬০০	৩০	
০৯.	ফেমা	১৬০	২০	
১০.	ব্রতী	২৯৪	১৫	
১১.	গণকল্যাণ সংস্থা-জিকেএস	৬০	-	
১২.	রুরাল ডেভেলপমেন্ট সার্ভিস-আরডিএ	৮০	-	
১৩.	বাংলাদেশ ডেভেলপমেন্ট সোসাইটি-বিডিএস	৫৪	-	
১৪.	নবলোব	১১	-	
১৫.	উত্তরণ	১৯	-	
১৬.	কোস্ট ট্রাস্ট	২৬	-	
১৭.	লাইট হাসউস	৩৩	-	
১৮.	ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম-এনডিপি	৬৫	-	
১৯.	এ্যাসোসিয়েশন ফর কমিউনিটি ডেভেলপমেন্ট-এসিডি	৭০	-	
২০.	সলিডারিটি	৩০	-	
২১.	বাঁচতে শেখা	১৩	-	
২২.	রাইটস্ যশোর	১৮	-	
২৩.	রুপান্তর	১৪	-	
২৪.	ডাক দিয়ে যাই	২১	-	
২৫.	খান ফাউন্ডেশন	৬০	-	
২৬.	জাগরনী চক্র ফাউন্ডেশন	৩৭	-	
২৭.	এ্যাসোসিয়েশন ফর কো-অরডিনেটেড অপারেশন ইন রুরাল ডেভেলপমেন্ট-একর্ড	২০	-	
২৮.	ন্যাশনাল ইয়ুথ ফোরাম অব বাংলাদেশ	১০০	-	
২৯.	ইনস্টিটিউট ফর এনভায়রনমেন্ট অ্যান্ড ডেভেলপমেন্ট- আইইডি	২৫	-	
	মোট =	৩৩৯৭	১৩০	

২২.১২.১৫
আরাকাত আরা